১/৮/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৩......

দৈনিক ইনকিলাব

# 'ন্যায্য দাবীগুলো আশা করা যায় সরকার বিবেচনা করবেন'
## —শিক্ষক কর্মচারী ঐক্যজোট

প্রেস বিজ্ঞপ্তিঃ শিক্ষা সচিবের সাথে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের নেতৃবৃন্দের ফলপ্রসূ আলোচনার ফলশ্রুতিতে গত ২৪ আগস্টের পূর্বে নতুন এমপিওভুক্ত বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসায় তৃতীয় বিভাগধারী নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও ছাড় করার আদেশ জারি করায় ঐক্যজোট সরকারকে ধন্যবাদ জানিয়েছে। ঐক্যজোট নেতৃবৃন্দ বলেন, শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সুশৃংখল কর্মসূচী প্যানেলের প্রেক্ষাপটে এক পর্যায় কাঙ্ক্ষিত সফলতা অর্জিত হয়েছে। জোটের পেশকৃত অন্যান্য ন্যায্য দাবী-দাওয়া সহানুভূতির সাথে সরকার বিবেচনা করবেন বলে নেতৃবৃন্দ আশা পোষণ করেন।

বিবৃতিদাতা নেতৃবৃন্দের মধ্যে রয়েছেন প্রধান সমন্বয়কারী প্রফেসর এম শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়া, আহবায়ক মাওলানা এম এ লতিফ, যুগ্ম আহবায়ক প্রিন্সিপাল মাজহারুল হান্নান ও শফিকুল আলম।